সংবাদ

তারিখ - ২০/৭/৮২
পৃষ্ঠা -

019

# বিজ্ঞানী প্রফেসর হকের ইন্তেকাল

প্রখ্যাত বিজ্ঞানী প্রফেসর ডঃ আশরাফুল হক রিউমাটয়েড আর্থ্রাইটিসে আক্রান্ত হয়ে গতকাল মঙ্গলবার সকাল দশটায় কৃষি বিশ্ববিদ্যালয়ের বাসভবনে ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহে - - - - - রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬১ বছর।

প্রফেসর হক ১৯৬৪ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে উদ্ভিদ বিজ্ঞান বিভাগে প্রফেসর হিসাবে যোগদান করেন। এর পূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছিলেন। তিনি লণ্ডন বিশ্ববিদ্যালয় হতে ১৯৫২ সালে পি.এইচ.ডি ডিগ্রী লাভ করেন। প্রফেসর হক বিভিন্ন সময় কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পালন করেন। তাঁর আন্তর্জাতিক মানের বৈজ্ঞানিক প্রকাশনার সংখ্যা প্রায় ৩১। খবর সংবাদ বিজ্ঞপ্তি।